ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪০.০৭.২২৫.২৩ নথির বিষয়: Design and construction supervision consultancy for construction of boundary wall and ground floor renovation at Dhaka WASA Bhaban.

নোট: ১ নোটের বিষয়: **Design and construction supervision consultancy for construction of boundary wall and ground floor renovation at Dhaka WASA Bhaban.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৯/১০/২৩ ১০:৪৬ পূর্বাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ একটি গুরুত্বপূর্ণ জনসেবামূলক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির প্রধান অফিস রাজধানীর জনসংকীর্ন এলাকা কাওরানবাজার এ অবস্থিত। ওয়াসা ভবনের সার্বিক নিরাপত্তা বৃদ্ধিকরণকল্পে ভবনের সীমানা প্রাচীর পুর্ননির্মাণ ও প্রবেশ ব্যবস্থা আধুনিকরণ এর জন্য প্রধান নিরাপত্তা কর্মকর্তা, ঢাকা ওয়াসা কর্তৃক সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগে পত্র প্রেরণ করা হয়। এছাড়া ভবনের নীচ তলার সৌন্দর্য্যবর্ধনে প্রয়োজনীয় পদক্ষেপের নিমিত্তে ঢাকা ওয়াসা উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে।

সংযুক্তিসমূহ (১):
১। আবেদনপত্র_20231018_0001.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৯/১০/২৩ ১০:৪৮ পূর্বাহ্ন

এমতাবস্থায়, ভবনের সীমানা প্রাচীর পুর্ননির্মাণ এবং নীচ তলার সৌন্দর্য্যবর্ধনে প্রয়োজনীয় কার্যক্রমের বিষয়ে উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ), ঢাকা ওয়াসা মহোদয়ের সহিত নির্বাহী প্রকৌশলী (সিভিল মেইনটেন্যান্স বিভাগ) এর আলোচনা হয়েছে। উক্ত কাজসমূহের উপযুক্ত নক্সা প্রনয়ন, প্রাক্কলন প্রস্তুতকরণ ও কাজচলাকালীন সময়ে কারিগরি সহায়তার জন্য একটি অভিজ্ঞ Design and construction supervision consultant প্রতিষ্ঠান নিয়োগ করা প্রয়োজন। কাজটি জরুরি বিধায় সরাসরি চুক্তির মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/১০/২৩ ১০:৫১ পূর্বাহ্ন

ভবনের সীমানা দেয়াল পুনর্নির্মাণ এবং নীচ তলার সৌন্দর্যবর্ধনের প্রয়োজনীয় নক্সা প্রণয়ন, প্রাক্কলন প্রস্তুতকরণ ও কাজচলাকালীন সময়ে কারিগরি সহায়তার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে কোটেশন আহবান করা হয়েছে। প্রাপ্ত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দর, বিভাগীয় কার্যপরিধি ও দর যাচাই বাছাই পূর্বক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মোট ব্যায়ের পরিমান দাড়িয়েছে ৫,০০০০০/-(পাঁচ লক্ষ টাকা মাত্র)। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ-বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় “অফিস দালান রক্ষণাবেক্ষণ” খাতের আইটেম নং-৩৩ হতে নির্বাহ করা হবে। Public Procurement Rules 2008 এর বিধি ৭৬ এর ১(ট) এ অতি জরুরী স্থাপত্য সেবা ক্রয়ে সরাসরি চুক্তি প্রয়োগের বিধান রয়েছে। সেই লক্ষ্যে সনামধন্য কনসালটেন্ট প্রতিষ্ঠান Archlab এর সহিত সিভিল মেইনটেন্যান্স বিভাগের প্রতিনিধিদের আলোচনা হয়েছে। আলোচনান্তে কনসাল্টেন্ট প্রতিষ্ঠান কাজটি সম্পন্ন করার জন্য

প্রয়োজনীয় ডিজাইন ড্রইং প্রস্তুত, মূল নির্মিতব্য কাজের BOQ প্রস্তুতকরন ও কাজচলাকালীন সময়ে কারিগরি সহায়তা প্রদানের কাজ বিভাগীয় প্রাক্কলণ ও প্রণীত কার্যপরিধি অনুসারে সম্পন্ন করতে সম্মত হয়েছেন।

সংযুক্তিসমূহ (৪):
১। ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।_20230713_0001.pdf
২। কোটেশন_20231018_0001.pdf
৩। TOR_20231019_0001.pdf
৪। প্রাক্কলন_20231018_0001.pdf

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/১০/২৩ ১০:৫৫ পূর্বাহ্ন

এমতাবস্থায় পরামর্শক প্রতিষ্ঠান Archlab এর সহিত Public Procurement Rules 2008 এর বিধি ৭৬ এর ১(ট) ধারা অনুসারে সরাসরি চুক্তির মাধ্যমে “Design and construction supervision consultancy for construction of boundary wall and ground floor renovation at Dhaka WASA Bhaban.” কাজটি সম্পন্ন করা যেতে পারে।এছাড়াও পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত সকল রিপোর্ট ও নকশা অনুমোদন ও এতদসংশ্লিষ্ট পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য প্রধান প্রকৌশলী (ঢাকা ওয়াসা) মহোদয়কে অনুমোদনকারী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এস.এম.ডব্লিউ.সি সার্কেল) কে সুপারিশকারী ও নির্বাহী প্রকৌশলী (সিভিল মেইনটেন্যান্স বিভাগ) কে রিভিউয়ার হিসাবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক Authorize করার অনুমোদন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৯/১০/২৩ ১১:০৬ পূর্বাহ্ন

এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদসমূহের বর্ণনার আলোকে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো-
(ক) পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত সকল রিপোর্ট ও নকশা অনুমোদন ও এতদসংশ্লিষ্ট পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য প্রধান প্রকৌশলী (ঢাকা ওয়াসা) মহোদয়কে অনুমোদনকারী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এস.এম.ডব্লিউ.সি সার্কেল) কে সুপারিশকারী ও নির্বাহী প্রকৌশলী (সিভিল মেইনটেন্যান্স বিভাগ) কে রিভিউয়ার হিসাবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক Authorize করার অনুমোদন।
(খ) “Design and construction supervision consultancy for construction of boundary wall and ground floor renovation at Dhaka WASA bhaban.” কাজটি সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান Archlab এর সহিত Public Procurement Rules 2008 এর বিধি ৭৬ এর ১(ট) ধারা অনুসারে ৫,০০০০০/-(পাঁচ লক্ষ টাকা মাত্র) টাকার সরাসরি চুক্তি করার অনুমোদন।

			
১৯/১০/২৩ ১১:০৬ পূর্বাহ্ন মোহাম্মদ রিয়াজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৯/১০/২৩ ১১:৩৩ পূর্বাহ্ন রাহাত উন নবী সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	৩০/১০/২৩ ১০:৪৭ পূর্বাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১/১১/২৩ ৬:০০ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~১/১১/২৩ ৬:০০ পূর্বাহ্ন~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক~~
~~(ওএন্ড এম)~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক~~
~~(ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১/১১/২৩ ১২:০৩ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.4.



১/১১/২৩ ১২:০৪ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ডএম) এর দপ্তর

~~১/১১/২৩ ১২:০৪ অপরাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১/১১/২৩ ২:৪৭ অপরাহ্ন

Okay



১/১১/২৩ ২:৪৭ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

১/১১/২৩ ৪:৪৭ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ডএম) এর দপ্তর

১/১১/২৩ ৯:২৩ অপরাহ্ণ
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)



২/১১/২৩ ৯:৫৪ পূর্বাহ্ণ
মুক্তা সাহা
নির্বাহী প্রকৌশলী
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ

২/১১/২৩ ৯:৫৪ পূর্বাহ্ণ
মোহাম্মদ রিয়াজুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ